দৈনিক ইত্তেফাক

08 MAY 1997
তারিখ ...
পৃষ্ঠা 6 কলাম 6

17

## শিক্ষা ব্যবস্থাকে ওয়ান চ্যানেলে আনার চিন্তা-ভাবনা করা হইতেছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির চেয়ারম্যান প্রফেসর শামসুল হক বলিয়াছেন, শিক্ষা হইতে বৈষম্য দূর করার জন্য সমগ্র শিক্ষা ব্যবস্থাকে ওয়ান চ্যানেলে আনার চিন্তা-ভাবনা করা হইতেছে। মাদ্রাসা, ক্যাডেট কলেজসহ সকল প্রতিষ্ঠানে একই শিক্ষা পদ্ধতির প্রবর্তন আমাদের ভাবনার মধ্যে রহিয়াছে। তিনি বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষার ক্ষেত্রে প্রযুক্তিগত শিক্ষার উন্মোচন ঘটাইতে হইবে।

( ৫ম পৃঃ দ্রঃ )

## শিক্ষা ব্যবস্থাকে

( ৩য় পৃঃ পর )

শিক্ষা ব্যবস্থায় শহর ও গ্রামের পার্থক্য দূর করিতে হইবে।

গত মঙ্গলবার জাতীয় শিক্ষানীতি সম্পর্কে মতামত সংগ্রহের লক্ষ্যে ছাত্র মৈত্রীর সঙ্গে বৈঠককালে প্রফেসর শামসুল হক এই কথা বলেন। বৈঠকে শিক্ষানীতি প্রণয়ন কমিটির পক্ষে আরও উপস্থিত ছিলেন এ,কে,এম মুজিবুল হক, প্রফেসর শাহাদত আলী ও প্রফেসর হারুণ অর রশীদ। ছাত্রমৈত্রীর সভাপতি জিয়াউল হক মিয়ার নেতৃত্বে প্রতিনিধি বৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন শাহিনুর রহমান কমল, মাহবুবুল আলম সোহেল, সাব্বাহ আলী খান, শামস ইবনে শুভ প্রমুখ।